গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রায়পুরা, নরসিংদী
www.raipura.narsingdi.gov.bd

# ১৫ আগস্ট ২০২৩ তারিখে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এর ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আজগর হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী
স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ, রায়পুরা, নরসিংদী
তারিখ : ৩১ জুলাই ২০২৩ খ্রি.
সময় : সকাল ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক'

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন পূর্বক ১৫ আগস্ট ২০২৩ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এর ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে উপজেলা পর্যায়ে বিভিন্ন কর্মসূচী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে সভাপতি আহত সভা পূর্বনির্ধারিত সময়ে আরম্ভ করেন এবং দিবসের বিভিন্ন প্রেক্ষাপট তুলে ধরে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন কল্পে মন্ত্রিপরিষদ বিভাগের ২২ জুন ২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০২.২৩-৪৪৬ নং স্মারকে প্রাপ্ত জাতীয় পর্যায়ের কর্মসূচী এবং জেলা প্রশাসক, নরসিংদী মহোদয়ের কার্যালয়ের ০১ আগস্ট ২০২৩ তারিখের ০৫.৩০.৬৮০০.১০৫.০১.০০৪.১৬-৫১২ স্মারকে প্রাপ্ত জেলা পর্যায়ের কর্মসূচী পাঠ করে শুনানো হয়। অতঃপর উপজেলার জন্য গৃহীত কর্মসূচী বাস্তবায়নে পরামর্শ প্রদানসহ আলোচনায় অংশগ্রহণের আহবান জানালে উপস্থিত রায়পুরা উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, বিভিন্ন পর্যায়ের রাজনৈতিক নেতৃবৃন্দ, স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ, বীর মুক্তিযোদ্ধা, উপজেলা পর্যায়ের কর্মকর্তা, সাংবাদিক, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ আলোচনায় অংশগ্রহণ করেন ও নিজ নিজ মতামত ব্যক্ত করেন। যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক তারা নির্ধারিত সকল কর্মসূচী সুষ্ঠুভাবে সম্পাদনে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। উপস্থিত সকলেই রায়পুরা উপজেলা প্রশাসন কর্তৃক গৃহীত কর্মসূচিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক মন্ত্রী ও ২০৩-নরসিংদী-৫ (রায়পুরা) আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য জনাব রাজিউদ্দিন আহমেদ রাজু মহোদয়কে প্রধান অতিথি হিসেবে আমন্ত্রণ জানানোর প্রস্তাব করলে সর্বসম্মতিভাবে তা গৃহীত হয়। রায়পুরা উপজেলা প্রশাসন কর্তৃক গৃহীত কর্মসূচী নিম্নরূপঃ

## কর্মসূচী

| তারিখ | সময় | কর্মসূচী | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৫ আগস্ট ২০২৩ | সূর্যোদয়ের সাথে সাথে | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত ভবন, শিক্ষা প্রতিষ্ঠান ও বে-সরকারি ভবন সমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | স্ব স্ব প্রতিষ্ঠান/ কর্তৃপক্ষ | স্ব স্ব প্রতিষ্ঠান/ কর্তৃপক্ষ |
| ১৫ আগস্ট ২০২৩ | সকাল ৯:০০ টা | উপজেলা পরিষদ কমপ্লেক্সে স্থাপিত স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ | উপজেলা পরিষদ কমপ্লেক্স প্রাঙ্গন | উপজেলা প্রশাসন, রায়পুরা, নরসিংদী |
| ১৫ আগস্ট ২০২৩ | সকাল ৯.৩০ টা | বীর মুক্তিযোদ্ধাদের বিনামুল্যে মেডিকেল চেক-আপ, স্বেচ্ছায় রক্তদার কর্মসূচী ও ব্লাডগ্রুপিং ডাটাবেজ তৈরী | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী |
| ১৫ আগস্ট ২০২৩ | সকাল ৯.৩০ টা | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবনাদর্শের উপর 'চিরঞ্জীব বঙ্গবন্ধু' প্রামাণ্য চিত্র প্রদর্শণী | উপজেলা পরিষদ গণমিলনায়তন | উপজেলা প্রশাসন, রায়পুরা, নরসিংদী |
| ১৫ আগস্ট ২০২৩ | সকাল ১০.০০ টা | জাতীয় শোক দিবস ২০২৩ উপলক্ষে বিশেষ আলোচনা সভা | উপজেলা পরিষদ গণমিলনায়তন | উপজেলা প্রশাসন, বীর মুক্তিযোদ্ধাগণ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, রাজনৈতিক নেতৃবৃন্দ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি এবং সুধীবৃন্দ |
| ১৫ আগস্ট ২০২৩ | সকাল ১১.০০ টা | আত্মকর্মী হিসাবে প্রতিষ্ঠিত হওয়ার লক্ষ্যে যুব উন্নয়ন বিভাগ কর্তৃক উপজেলার বেকার যুবক-যুব মহিলাদের মধ্যে ঋণ বিতরণ | উপজেলা পরিষদ গণমিলনায়তন | উপজেলা যুব উন্নয়ন অফিস, রায়পুরা, নরসিংদী |
| ১৫ আগস্ট ২০২৩ | বেলা ১১.৩০ টা | ১৫ আগস্টে শহীদদের রুহের মাগফেরাত কামনা করে কোরআন খতম ও মোনাজাত | উপজেলা পরিষদ জামে মসজিদ | ইসলামিক ফাউন্ডেশন |
| ১৫ আগস্ট ২০২৩ | বাদ জোহর মসজিদে ও অন্যান্য উপাসনালয়ে সুবিধামত সময়ে | উপজেলা পরিষদ জামে মসজিদসহ নরসিংদী জেলার সকল মসজিদে বিশেষ মোনাজাত এবং মন্দির ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা | সমগ্র উপজেলা | স্ব স্ব উপাসনালয় কর্তৃপক্ষ |
| ১৫ আগস্ট ২০২৩ | ১৫ আগস্ট ও প্রতিযোগিতা সমূহ সুবিধাজনক সময়ে | স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র-প্রদর্শনী , হাম-নাত এবং দোয়া মাহফিল | স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান | অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট, উপজেলা শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী |

## সিদ্ধান্তসমূহ-

১। রায়পুরা পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ সমূহ যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য জাতীয় কর্মসূচীর সাথে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া মেয়র ও ইউপি চেয়ারম্যানগণ অনুষ্ঠান বাস্তবায়ন প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী বরাবর প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

২। স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ এবং ইসলামিক ফাউন্ডেশন আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সাথে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, হামদ্ ও নাত প্রতিযোগিতা ও দোয়ার আয়োজন করবেন।

৩। জাতীয় পতাকা যথাযেথভাবে উত্তোলন ও সকল শিক্ষা প্রতিষ্ঠানে যথাযথ মর্যাদায় কর্মসূচী পালন নিশ্চিত করার লক্ষ্যে এ উপজেলার পূর্বাঞ্চলের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সহ অফিসার ইনচার্জ, রায়পুরা থানার একজন প্রতিনিধি এবং পশ্চিমাঞ্চলের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তাবৃন্দ এবং অফিসার ইনচার্জ, রায়পুরা থানার একজন প্রতিনিধিকে তদারকির দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। রায়পুরা পৌরসভা এবং আশ-পাশের এলাকায় সংশ্লিষ্ট আইন অমান্যকারীদের বিরুদ্ধে প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনার জন্য বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি), রায়পুরাকে সভার পক্ষ থেকে অনুরোধ জানানো হয়।

৪। স্বাস্থ্য বিধি অনুসরণ পূর্বক গৃহীত সকল কর্মসূচীতে স্বতঃস্ফূর্ত অংশগ্রহনের জন্য সর্বস্তরের জনগণসহ উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা/ কর্মচারীগণকে অনুরোধ জানানো হয়।

৫। যথাযথ স্বাস্থবিধি অনুসরণপূর্বক ১৫ আগস্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবসটি যথাযথ মর্যাদায় পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ কিভাবে দিবসটি পালন করলেন তার অন্তত ০২ (দুই) কপি ছবি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ উপজেলা শিক্ষা কর্মকর্তা বরাবরে দাখিল সহ জেলা প্রশাসক, নরসিংদী মহোদয়ের বরাবর প্রেরণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান হয়। বিভাগীয় কর্মকর্তাগণ এবিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

৬। ডেপুটি জেনারেল ম্যানেজার, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২, রায়পুরা জোনাল অফিসকে দিবসটিতে সার্বক্ষণিক বিদ্যুৎ ব্যবস্থা সচল রাখার জন্য অনুরোধ জানানো হয়।

৭। উপজেলা পরিষদ কমপ্লেক্সে স্থাপিত বঙ্গবন্ধুর ম্যুরাল প্রস্তুত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। তা ছাড়াও মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ের সম্মুখে অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৮। ১৫ আগস্ট জাতীয় শোক দিবসের আলোচনা সভায়/ অনুষ্ঠানমালায় প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানে প্রধানগণ স্ব-উদ্যোগে সংশ্লিষ্ট এলাকার একজন বীর মুক্তিযোদ্ধাকে আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৯। উপজেলা স্কাউটস্ ও উপজেলা শিল্পকলা একাডেমি নির্দেশনা অনুযায়ী বিভিন্ন কর্মসূচী বাস্তবায়ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

১০। রায়পুরা উপজেলার ২৪টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক জনসম্মুখে আগামী ১৫/০৮/২০২৩ খ্রি. তারিখ সুবিধামত সময়ে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবনাদর্শের উপর 'চিরঞ্জীব বঙ্গবন্ধু' প্রামাণ্যচিত্র প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করবেন।

পরিবেশে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং গৃহীত কর্মসূচীর যথাযথ বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৩/০৮/২৩

(মোঃ আজগর হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
রায়পুরা, নরসিংদী
ফোনঃ +৮৮ ০২ ২২৪৪৪৮০১৫
ফ্যাক্সঃ +৮৮ ০২ ২২৪৪৪৮৩১৭
ই মেইলঃ unoraipura@mopa.gov.bd

স্মারক নং ০৫.৩০.৬৮৬৪.১১০.০২.৭৫৮.২৩- ৮৮৩/১ (৭০)

তারিখঃ ০৩ আগস্ট ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২০৩-নরসিংদী-৫ (রায়পুরা)
২। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়পুরা, নরসিংদী
৫। মেয়র, রায়পুরা পৌরসভা, নরসিংদী
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়পুরা, নরসিংদী
৭। উপজেলা ---------------------------------- কর্মকর্তা (সকল), রায়পুরা, নরসিংদী (তাঁকে গৃহীত সকল কর্মসূচীতে তার অধিনস্ত সকল কর্মকর্তা-কর্মচারীগণের উপস্থিত নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)
৮। উপজেলা শিক্ষা কর্মকর্তা/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী (১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে তাদের নিয়ন্ত্রণাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা অর্ধনমিত রাখাসহ আলোচনা সভা, মিলাদ মাহফিল ও মোনাজাত এবং আলোচনা সভা/চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো)
৯। সভাপতি/ সাঃ সম্পাদক, উপজেলা আওয়ামীলীগ/যুবলীগ/ছাত্রলীগ/কৃষকলীগ/স্বেচ্ছাসেবকলীগ, রায়পুরা, নরসিংদী
১০। চেয়ারম্যান, ---------------------------------- ইউপি (সকল), রায়পুরা, নরসিংদী
১১। সদ্য সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, রায়পুরা, নরসিংদী
১২। সভাপতি, রায়পুরা ইউসিসিএ লি., রায়পুরা, নরসিংদী
১৩। সভাপতি/ সাঃ সম্পাদক, রায়পুরা প্রেসক্লাব/ রায়পুরা সাংবাদিক ফোরাম/ রিপোর্টার্স ক্লাব, রায়পুরা, নরসিংদী
১৪। জনাব ------------------------------------------------------, রায়পুরা, নরসিংদী
১৫। অফিস কপি

০৩/০৮/২৩

উপজেলা নির্বাহী অফিসার
রায়পুরা, নরসিংদী